



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



স্মারক নং- বামাশিবো/প্রশাসন/বান্দরবান-০৭/ ৬৬

তারিখ: ৬ .০৩.২০২০খ্রি.

বিষয়: অনুমোদিত নির্বাহী কমিটি বাতিল করণ প্রসঙ্গে

- সূত্র: ১) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং- বামাশিবো/প্রশা/৩৪০১৮১০৩১৩২১/১৪৬৬৮/নথি নং-০৭; তারিখ: ১৮/১২/২০১৮ খ্রি.
২) জেলা প্রশাসক, বান্দরবান কর্তৃক স্মারক নং- ০৫.৪২.০৩০০.২০৯.০২.০০৯.১৯-৪০৭; তারিখ: ২৬/১২/২০১৯ খ্রি.
৩) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং- বামাশিবো/প্রশাসন/বান্দরবান-০৭/২৫; তারিখ: ১২/০২/২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত আলোকে জানানো যাচ্ছে যে, বান্দরবান জেলার নাইক্ষ্যংছড়ি উপজেলাধীন মদিনাতুল উলুম মডেল ইনস্টিটিউট আলিম মাদ্রাসার নির্বাহী কমিটি অত্র বোর্ড কর্তৃক সূত্রোক্ত ০১ নং স্মারকে অনুমোদন দেয়া হয়। সূত্রোক্ত ০২ নং স্মারকের প্রেক্ষিতে জানা যায় যে, মাদ্রাসার অধ্যক্ষ উক্ত অনুমোদনকৃত নির্বাহী কমিটিতে সদস্য মনোনয়নের জন্য বিধি মোতাবেক জেলা প্রশাসক কর্তৃক সদস্য মনোনয়ন না নিয়ে নিজে স্মারক ও স্বাক্ষর জালিয়াতি করে অত্র বোর্ড কর্তৃক নির্বাহী কমিটি অনুমোদন করে নেন। সে প্রেক্ষিতে অত্র বোর্ড উক্ত নির্বাহী কমিটি কেন ভেঙ্গে দেয়া হবে না মর্মে পত্র প্রাপ্তির ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে জবাব দাখিলের জন্য সূত্রোক্ত ০৩ নং স্মারকে কারণ দর্শানো হয়। মাদ্রাসার অধ্যক্ষ যে জবাব দাখিল করেছেন তা সন্তোষজনক নয় মর্মে প্রতীয়মান হয়।

বর্ণিত অবস্থায় মাদ্রাসা প্রধানের জবাব সন্তোষজনক না হওয়ায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক অনুমোদিত নং- বামাশিবো/প্রশা/৩৪০১৮১০৩১৩২১/১৪৬৬৮/নথি নং-০৭; তারিখ: ১৮/১২/২০১৮ খ্রি. স্মারকের নির্বাহী কমিটি নির্দেশক্রমে এতদ্বারা বাতিল করা হলো।

স্বাঃ

মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ৯৬১২৮৫৮

অধ্যক্ষ

মদিনাতুল উলুম মডেল ইনস্টিটিউট আলিম মাদ্রাসা
ডাকঘর: নাইক্ষ্যংছড়ি, নাইক্ষ্যংছড়ি, বান্দরবান।

স্মারক নং- বামাশিবো/প্রশাসন/বান্দরবান-০৭/ ৬৬

তারিখ: ৬ .০৩.২০২০খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, বান্দরবান;
২. জেলা শিক্ষা অফিসার, বান্দরবান;
৩. উপজেলা নির্বাহী অফিসার, নাইক্ষ্যংছড়ি, বান্দরবান;
৪. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৫. অফিস কপি।

স্বাঃ

মোঃ ওমর ফারুক

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ৯৬৭৪৮৭৪